

# Visit of Minister of State for External Affairs Shri V. Muraleedharan to the Republic of the Sudan and Republic of South Sudan (October 18-22, 2021)

October 16, 2021

## বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের সুদান প্রজাতন্ত্র ও দক্ষিণ সুদান প্রজাতন্ত্র সফর (অক্টোবর 18- 22,2021)

অক্টোবর16,2021

বিদেশ এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন এক সরকারি সফরে 18 থেকে 19 শে অক্টোবর 2021 তারিখে সুদান প্রজাতন্ত্র ও 20 থেকে 22 শে অক্টোবর 2021 তারিখে দক্ষিণ সুদান প্রজাতন্ত্র ভ্রমণ করবেন। এই দুটি দেশে এটিই তার প্রথম সফর হবে।

2. সুদানে তার সফরকালে প্রতিমন্ত্রী পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলির উপরে বিদেশমন্ত্রী ডঃ মারিয়ম আল-সাদিক আল মাহদি এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে আলোচনা করবেন। তিনি সুদানের সার্বভৌম পরিষদের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি প্রথম লেফটেন্যান্ট জেনারেল আবদেল ফাতাহা আবদেলরহমান আল বুরহান এবং প্রধান মন্ত্রী হিজ এক্সেলেন্সি আবদাল্লা হামদকের সাথে সাক্ষাৎ করবেন। প্রতিমন্ত্রী তার সফরকালে সুদানের ভারতীয় সম্প্রদায়ের মানুষদের সাথেও আলাপ আলোচনা করবেন।

3. দক্ষিণ সুদানে, প্রতিমন্ত্রী রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি জেনারেল সালভা কীর মায়ারদিতেবের সাথে সাক্ষাৎ করবেন। তিনি বিদেশ এবং আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী শ্রীমুক্ত মায়ীক আয়ী দেং, ট্রানজিশনাল ন্যাশনাল লেজিসলেটিভ অ্যাসেম্বলির স্পীকার হার হাইনেস শ্রীমতী জেম্মা নুনুকুস্বা এবং অন্যান্য বিশিষ্ট বর্গের সাথে সাক্ষাৎ করবেন। তিনি জুবাতে ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশ্যে ভাষণ দেবেন এবং সেখানকার উদ্যোগপতিদের সাথে আলাপ আলোচনা করবেন। প্রতিমন্ত্রী, জুবাতে ভারতীয় সৈন্য বাহিনীর ডাক্তারদের দ্বারা পরিচালিত ইউনাইটেড নেশনস মিশন ইন সাউথ সুদানের (ইউএনএমআইএসএস) একটি হাসপাতালও পরিদর্শন করবেন।

4. ভারত, সুদান এবং দক্ষিণ সুদানের সাথে উষ্ণ, বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক সম্পর্ক উপভোগ করে। বেশ কিছু সংখ্যক ভারতীয় কোম্পানী উভয় দেশের বিভিন্ন ক্ষেত্রে কার্যরত রয়েছে। বেশ কিছু বছর ধরে ভারত, সুদান এবং দক্ষিণ সুদানের যুবযুবাদের ক্ষমতা অর্জন প্রদানের ক্ষেত্রে সামনের সারিতে রয়েছে। এই দুই দেশ থেকে বড় সংখ্যার ছাত্রছাত্রী ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষারত রয়েছে। ভারতের সাথে , সুদান এবং দক্ষিণ সুদানের সাংস্কৃতিক ও জনগণের সাথে জনগণের মৈত্রী বন্ধনের শিকড় মাটির অনেক গভীরে প্রাথিত। আশা করা যায় এই সফর, এই দুই দেশের সাথে আমাদের সম্পর্কতে নতুন গতি সঞ্চার করবে।

নিউ দিল্লি

অক্টোবর 16,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.